দৈনিক সংবাদ

24

তারিখ ... 07 MAY 1996
পৃষ্ঠা ... 8 কলাম ... 7

## শিক্ষা মন্ত্রণালয় সমীপে

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের ৩-৩-৯৬-এর চিঠির মাধ্যমে বিদেশস্থ বাংলাদেশী বিদ্যালয়গুলোকে এই মর্মে জানানো হয় যে, "শিক্ষা মন্ত্রণালয়ের শাঃ ১০/বিবিধ-১৪-১/৯৪ (অংশ-১)/১৩১৫, ১২-৮-৯৫-এর স্মারকের ২·২(গ)-এর সিদ্ধান্ত মোতাবেক কৃষি শিক্ষা ও গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ে বিদেশ কেন্দ্রসমূহে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে না। এই দু'টি বিষয়ের তত্ত্বীয় অংশের প্রাপ্ত নাম্বার আনুপাতিক হারে পূর্ণ ১০০ নাম্বারে রূপান্তরিত করা হবে।" আমরা সচেতন অভিভাবকরা ও আমাদের পোষ্য পরীক্ষার্থীরা আপনার এই সার্কুলারে দারুণভাবে হতাশ ও আশংকাগ্রস্ত যার কারণাবলী নিম্নরূপ ঃ

১। একই পরীক্ষায় দেশস্থ ও বিদেশস্থ পরীক্ষা নিয়ন্ত্রণ পদ্ধতি একই ধরনের না হলে তা হবে বৈষম্যমূলক এবং সাধারণভাবে ন্যায় বিচার পরিপন্থী।

২। ছাত্র-ছাত্রীরা ২ বছর ধরে প্রস্তুতি নেয়ার পর পরীক্ষার ২ সপ্তাহ আগে এ জাতীয় সিদ্ধান্ত তাদেরকে মানসিকভাবে বিপর্যস্ত করবে এবং তাদের পরীক্ষার ফলাফলের ওপর নেতিবাচক প্রতিক্রিয়া সৃষ্টি করবে।

৩। এ জাতীয় সিদ্ধান্ত যদি কখনও কার্যকরী করতে হয় সেক্ষেত্রে নবম শ্রেণীর শুরু থেকে তা অবহিত করা সময়োপযোগী যেমন নৈর্ব্যক্তিক প্রশ্ন ব্যাংকের ক্ষেত্রে ইতিমধ্যেই পরিকল্পিতভাবে করা হয়েছে। কাজেই এহেন সিদ্ধান্ত সময়োপযোগী নয়।

৪। একজন পরীক্ষার্থী তত্ত্বীয় ও ব্যবহারিক পরীক্ষায় একই ধরনের ফলাফল করবে এমন ধারণা সঠিক নয়। এছাড়া বাকি সব বিষয়ে ব্যবহারিক পরীক্ষা হচ্ছে এমন কি আলোচ্য বিষয়সমূহেও বাংলাদেশস্থ বিদ্যালয়সমূহে ব্যবহারিক পরীক্ষার সুযোগ দিয়ে অপরদিকে বিদেশস্থ বিদ্যালয়সমূহে তা না করে সেখানকার ছাত্র-ছাত্রীদের মেধা যথাযথভাবে প্রমাণ করার সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে।

৫। রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাস বিদ্যালয়টি উন্নতমানের পেশাজীবী শিক্ষক ও শিক্ষার উপকরণ দিয়ে শিক্ষা দিয়ে আসছে এবং গত ১০ বছর ধরে সেখানে এ জাতীয় পরীক্ষা হচ্ছে।

৬। যেহেতু বর্তমানে উচ্চ শিক্ষার জন্য ভর্তির ক্ষেত্রে পরীক্ষার নাম্বার প্রধান মাপকাঠি সেহেতু যদি উপরোক্ত অবস্থার কারণে ছাত্র-ছাত্রীরা একই ধরনের পরীক্ষা না হওয়ার কারণে কম নাম্বার পেয়ে উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হয় তা হবে তাদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য অন্তরায় এবং জাতীয় মেধা বিকাশের পরিপন্থী।

৭। বাংলাদেশে বিভিন্ন পত্রপত্রিকায় ছাত্র এবং অভিভাবকবৃন্দ পরীক্ষার সময়সূচি সম্বন্ধে যে অভিমত প্রকাশ করেছে তাতে আমরাও একমত।

উক্ত অবস্থাসমূহের আলোকে আমরা পূর্বেকার মত ব্যবহারিক পরীক্ষা নেয়ার মাধ্যমে আমাদের সন্তানদের ভবিষ্যৎ নিশ্চিতকরণ ও ন্যায় প্রতিষ্ঠার জন্য এবং গত বছরের মত পরীক্ষার সময়সূচি নির্ধারণ করার জন্য আপনাদেরকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য একান্তভাবে অনুরোধ করছি।

1. ENGR. NURUL ISLAM CHOWDHURY
P.o. Box 4646, RIYADH-11412. K.S.A.
Tele 01405-0987

2. DR. MD. RAHMAT ULLAH
P.o. Box. 57163, RIYADH-11574. K.S.A.
Tele 01-403-8713